

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

[ আইন-২ অধিশেষ্য ]

www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০২১.০০৪.০১.০০.০০৯.২০১৭-৬৫

তারিখঃ ২৪ জুলাই ২০১৭  
৯ শ্রাবণ ১৪২৪


বিষয়ঃ রীট পিটিশন নং-৯০৭৩/২০১৭, [ পিটিশনার জনাব মোঃ জাকির হোসেন, পিং মোঃ রুহুল আমীন, সাং-পূর্ব চরকৃষ্ণপুর, উপজেলাঃ হাইমচর, জেলাঃ চাঁদপুর গং (মোট ৬২ জন) - বনাম - সরকার ও অন্যান্য ] এর দফাওয়ারী জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার কর্তৃক ০৪.০৭.২০১৭ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের ১৮.০৬.২০১৭ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার হাইমচর উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অব্যয়িত ২ কোটি ২২ লক্ষ টাকা সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগের (উপজেলা-২ শাখা) ২৩.০৩.২০১৭ তারিখের ৩০৬ নম্বর অফিস স্মারক চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়সহ ৫ জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তেঃ তর্কিত অফিস স্মারকটি আদেশের তারিখ থেকে পরবর্তী ৬ (ছয়) মাসের জন্য স্থগিত করতঃ সেটি কেন আইনগত কর্তৃত্ব বহির্ভূত ঘোষণা করা হবেনা সে মর্মে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। মাননীয় আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২. এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী ঘটনার প্রকৃত বিবরণী (Statement of Facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও প্রাসংগিক কাগজপত্র সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে তাকে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্তঃ রুলের কপি- ১ ফর্দ।

  
২৪.৭.১৭  
(মুহাম্মদ আনোয়ার পাশা)  
উপসচিব

ফোনঃ +৮৮০২-৯৫৪০১৯৭

e-Mail: dslaw2.lgd.gov@gmail.com.

১. জেলা প্রশাসক, চাঁদপুর।

২. উপজেলা নির্বাহী অফিসার, হাইমচর, চাঁদপুর।

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপিঃ

১. যুগ্মসচিব (উপজেলা), স্থানীয় সরকার বিভাগ (দফাওয়ারী জবাব সংগ্রহে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল)।
২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অফিস কপি/মাস্টার কপি।